যুগান্তর

তারিখ ... 01 JUN 2016 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম 8

# এমবিবিএস ভর্তিচ্ছুদের ধূমপানমুক্ত সার্টিফিকেট বাধ্যতামূলক হচ্ছে

——— স্বাস্থ্যমন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

আগামী শিক্ষাবর্ষ থেকে এমবিবিএসে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ধূমপানমুক্ত সার্টিফিকেট দাখিল করা বাধ্যতামূলক করা হচ্ছে। মঙ্গলবার ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে 'বিশ্ব তামাকমুক্ত দিবস'র উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। দেশের সব মেডিকেল কলেজ, হাসপাতাল ও ক্লিনিককে তামাকমুক্ত রাখতে কর্তৃপক্ষকে কঠোর পদক্ষেপ নেয়ার নির্দেশ দেন মন্ত্রী।

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এই অনুষ্ঠানের আয়োজন করে। প্রধান অতিথির বক্তৃতায় নাসিম বলেন, পরিবার, আত্মীয়স্বজন, পাড়া-প্রতিবেশী এবং সমাজ থেকে ধুমপানের অভ্যাস ত্যাগের আন্দোলন গড়ে তুলতে হবে। এমবিবিএস ভর্তিচ্ছুদের ধূমপানমুক্ত সদন দাখিল করা বাধ্যমূলক করার ঘোষণা পুনর্ব্যক্ত করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, কাউকে হাসপাতাল, ক্লিনিক বা মেডিকেল কলেজ ক্যাম্পাসে ধূমপান বা তামাক সেবন করতে দেখলে সঙ্গে সঙ্গে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। এক্ষেত্রে হাসপাতালের চিকিৎসক বা কলেজের অধ্যাপকদের বেশি সতর্ক থাকতে হবে। চিকিৎসায় নিয়োজিত চিকিৎসক বা অধ্যাপক যদি নিজেই ধূমপানের মতো ক্ষতিকারক নেশায় আসক্ত থাকেন, সাধারণ মানুষের স্বাস্থ্য উন্নয়নে তিনি কোনো ভূমিকাই রাখতে পারেন না। অনুষ্ঠানে দেশে তামাক নিয়ন্ত্রণে গণসচেতনতা বৃদ্ধিসহ

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

# এমবিবিএস ভর্তিচ্ছুদের ধূমপানমুক্ত

(৩য় পৃষ্ঠার পর)

নানাবিধ কার্যক্রমে অবদান রাখায় বিভিন্ন সংগঠন ও ব্যক্তিদের বিশেষ সম্মাননা পদক দেয়া হয়। স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলামের সভাপতিত্বে এতে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মোহাম্মদ নূরুল হক, বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসান, মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আর্সলান বক্তব্য দেন।